



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি প্রক্রিয়া

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী <http://bsfmstu.ac.bd/admission> ওয়েবসাইটের মাধ্যমে ID ও Password ব্যবহার করে login করলে যে বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তা প্রদর্শিত হবে। সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফরম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফরমটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি (একটি শিক্ষার্থীর আর অন্যটি ভর্তি অফিসে জমা দেওয়ার জন্য) প্রিন্ট নিতে হবে। প্রয়োজনে ফরমটি পরবর্তীতেও প্রিন্ট করা যাবে। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়-

(ক) GST-কর্তৃক প্রদত্ত ID ও Password। প্রয়োজনে উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে ID/Password জানা যাবে।

(খ) রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।

(গ) NID/Birth Certificate Number অথবা উভয়টি (যদি থাকে)।

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির যাবতীয় প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে।

২। ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের ভর্তি অফিসে অবশ্যই জমা দিতে হবেঃ

(ক) পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট (A4 সাইজ অফসেট কাগজে)

(খ) এস.এস.সি/সম্মান ও এইচ.এস.সি/সম্মান-এর মূল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ও নম্বরপত্র।

(গ) এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড

(ঘ) ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।

যথাযত যাচাইপূর্বক প্রয়োজনীয় মূল কাগজপত্র জমা রাখার পর ভর্তি ফি প্রদানের জন্য নিরর্দেশনা দেওয়া হবে।

৩। প্রাথমিক ভর্তি নিশ্চিত করার জন্য ১৭২৫০.০০ (সতের হাজার দুইশত পঞ্চাশ মাত্র) টাকা অগ্রনী ব্যাংক, জামালপুর শাখার “আবর্তক তহবিল” (হিসাব নং ০২০০০১৩১৭১৫৪৯) – এ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের মূল রশিদ ভর্তি অফিসে ঐদিনই জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থীতা বাতিল হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে ভর্তি তথা সাবজেক্ট মাইগ্রেশনের কোন সুযোগ থাকবে না।

৪। শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত বিভাগ পছন্দ-ক্রমের ভিত্তিতে বিভাগ পরিবর্তন (সাবজেক্ট মাইগ্রেশন) প্রক্রিয়া অটোমেটিকভাবে সম্পন্ন হবে। শিক্ষার্থীর যোগাযোগ করার কোন প্রয়োজন নাই। তবে ভর্তিকৃত শিক্ষার্থী Admission – পেজে Login করে প্রাপ্ত বিভাগ দেখতে পাবে। প্রাপ্ত বিভাগ পরিবর্তন করতে না চাইলে Login করে Migration Stop করতে হবে।

৫। সকল প্রকার মাইগ্রেশন শেষে চূড়ান্ত বিভাগ নির্ধারণের পর নিম্নে উল্লেখিত বিভাগ ভিত্তিক ফি পরিশোধের মাধ্যমে চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে (বিভাগ ভিত্তিক ফি প্রদানের বিষয়ে বিস্তারিত যথাসময়ে জানানো হবে)।

সিএসই-৮৫০০.০০, ইইই-৮৫০০.০০, গণিত-৫০০০.০০, ফিশারিজ-৮৫০০.০০, ম্যানেজমেন্ট-১৫০০.০০, সমাজকর্ম-৬০০০.০০।

বিশেষ শর্তাবলী: শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলক্রটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

Technical support: Email: admission@bsfmstu.ac.bd, Tel: +88-01620008845 (09:00AM – 05:00PM, except holiday)

রেজিস্ট্রার

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেলান্দহ, জামালপুর।